# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৫-২০১৬/৪৩৫(১২৫০) তারিখঃ ২৭-১০-২০১৫

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৪। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ৪০০/-(চার শত) টাকার অধিক মূল্যমানের বিল/ভাউচারে রেভিনিউ ষ্ট্যাম্প সংযোজন না করা প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। গত ০২-১২-২০১২ তারিখে প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১২-২০১৩/৯৩৬(১২০০) নম্বর পত্রের মাধ্যমে অত্র ব্যাংকের কার্যক্রমের সাথে সম্পর্কিত সংশোধিত ষ্ট্যাম্প শুল্ক হার সকলের অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ে জারী করা হয়। উক্ত পত্রের ২নং ক্রমিকে ৪০০/-(চার শত) টাকার অধিক মূল্যমানের যে কোন অর্থ বা সম্পদের জন্য ১০/-(দশ) টাকা হারে ষ্ট্যাম্প শুল্ক ব্যবহার করার জন্য সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। অত্র ব্যাংকের প্রায় সকল শাখা কর্তৃক বিভিন্ন মূল্যমানের ইউটিলিটি বিল যথা- গ্যাস বিল/বিদ্যুৎ বিল/পানির বিল ইত্যাদি গ্রহণ করা হয়। উপরোক্ত অনেক ইউটিলিটি বিল ৪০০/-(চার শত) টাকার অধিক মূল্যমান হওয়া সত্ত্বেও অধিকাংশ সময় নির্ধারিত ১০/-(দশ) টাকা হারে ষ্ট্যাম্প শুল্ক ব্যবহার করা হচ্ছে না মর্মে প্রধান কার্যালয়ের গোচরীভূত হয়েছে। এতদ্ব্যতীত অনেক শাখার ক্যাশের দায়িত্বে নিয়োজিত টেলর/ক্যাশিয়ার/সহকারী ক্যাশিয়ার কর্তৃক বিভিন্ন সময় উপরোক্ত বিলসমূহে রেভিনিউ ষ্ট্যাম্প ব্যবহারের নামে বিপুল পরিমান অর্থ আত্মসাৎ করা হচ্ছে মর্মেও অভিযোগ পাওয়া যাচ্ছে-যা অনভিপ্রেত এবং শাস্তিযোগ্য অপরাধ।

০৩। ৪০০/-(চার শত) টাকার অধিক মূল্যমানের বিভিন্ন ইউটিলিটি বিলসমূহে রেভিনিউ ষ্ট্যাম্প সংযোজনের বিষয়ে শাখা/কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণদরকে নিম্নোক্ত নির্দেশনা যথাযথ পরিপালন/অনুসরণের জন্য পুনরায় অনুরোধ করা হলোঃ-

(ক) শাখা/কার্যালয়ে ক্যাশের দায়িত্বে নিয়োজিত টেলর/ক্যাশিয়ার/সহকারী ক্যাশিয়ার কর্তৃক ৪০০/-(চার শত) টাকার অধিক মূল্যমানের বিভিন্ন ইউটিলিটি বিলে আবশ্যিকভাবে ১০/-(দশ) টাকা হারে রেভিনিউ ষ্ট্যাম্প ব্যবহার করতে হবে। এর কোনরূপ ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) শাখা/কার্যালয়ে ৪০০/-(চার শত) টাকার অধিক মূল্যমানের ইউটিলিটি বিলে ১০/-(দশ) টাকার রেভিনিউ ষ্ট্যাম্প ব্যবহারের ব্যাপারে সম্মানিত গ্রাহকেদের উদ্দেশ্যে নিম্নোক্ত লেখা সম্বলিত একটি বোর্ড ক্যাশ কাউন্টারে ঝুলিয়ে রাখতে হবে:

> **সম্মানিত গ্রাহক-**
> **"আপনার পরিশোধিত ৪০০/-(চার শত) টাকার অধিক মূল্যমানের বিলের গায়ে**
> **১০/- টাকার রেভিনিউ ষ্ট্যাম্প লাগানো হয়েছে কিনা তা অনুগ্রহ করে বুঝে নিন।"**

(গ) শাখা ব্যবস্থাপক টেলর/ক্যাশিয়ার/সহকারী ক্যাশিয়ার কর্তৃক ৪০০/-(চার শত) টাকার অধিক মূল্যমানের ইউটিলিটি বিলে ১০/-(দশ) টাকার রেভিনিউ ষ্ট্যাম্প লাগানো হয়েছে কিনা তা দৈবচয়নের ভিত্তিতে sample test করে নিশ্চিত হবেন। শাখা ব্যবস্থাপকগণ- শাখা/কার্যালয়ে ক্যাশের দায়িত্বে নিয়োজিত টেলর/ক্যাশিয়ার/সহকারী ক্যাশিয়ার কে অত্র পত্রটি ভালোভাবে পড়িয়ে শোনাবেন এবং এ সংক্রান্ত কাজে দায়িত্ব অবহেলার জন্য কি ধরণের শাস্তি আরোপিত হতে পারে তা তাঁদেরকে অবহিত করবেন।

চলমান পাতা/০২

০৪। বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে উপরোক্ত নির্দেশনা শাখাসমূহ কর্তৃক যথাযথভাবে পরিপালিত হচ্ছে কিনা তা নিশ্চিত হবেন। শাখা/কার্যালয়ে ক্যাশের দায়িত্বে নিয়োজিত টেলর/ক্যাশিয়ার/সহকারী ক্যাশিয়ারগণ কর্তৃক উপরোক্ত নির্দেশনা পরিপালন না করা হলে এবং ইউটিলিটি বিলে রেভিনিউ ষ্ট্যাম্প ব্যবহারের নামে অর্থ আত্মসাৎ করার প্রমান পাওয়া গেলে তাদের বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা দায়েরপূর্বক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। শাখা নিরীক্ষাকালে ৪০০/-(চার শত) টাকার অধিক মূল্যমানের বিভিন্ন ইউটিলিটি বিলে ১০/-(দশ) টাকা হারে রেভিনিউ ষ্ট্যাম্প ব্যবহার না করা হলে এবং এ ব্যাপারে কোন ধরণের অনিয়ম/জাল-জালিয়াতি উদ্‌ঘাটিত হলে বিষয়টি নিরীক্ষা আপত্তির পার্ট-১ এ অন্তর্ভূক্ত করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাদেরকে অনুরোধ করা হলো।

০৫। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত,

২৭/১০/১৫

(এ,আর,এম আজিজ উজজামান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৫-২০১৬/৪৩৫(১২৫০) তারিখঃ ২৭-১০-২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬। সকল উপ-মহব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। উপ-মহব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। নথি/মহানথি।

২৭/১০/১৫

(মোঃ শাহজাহান)
সহকারী মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৮৭২৩৬